# সংবাদ

তারিখ ... 15 MAY 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

ব্যাংকিংয়ে জাতীয় পর্যায়ে

# ৫ কলেজকে সেরা ঘোষণা জাতীয় বিশ্ববিদ্যালয়ের

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা বাণিজ্যের অভিযোগে পাবলিক পরীক্ষার ফলাফলে সেরা প্রতিষ্ঠান নির্বাচন বাতিল করলেও এবার ৭৮টি 'সেরা' কলেজ নির্বাচন করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় (জাবি) কর্তৃপক্ষ। ৩১টি সূচকের ভিত্তিতে জাবির অধিভুক্ত ৬৮৫টি অনার্স ও মাস্টার্স কলেজে ২০১৫ সালের জন্য স্কোরের ভিত্তিতে র‍্যাংকিংয়ের উদ্যোগ গ্রহণ করা হয় কর্তৃপক্ষ দাবি করেছে।

গতকাল দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডিস্থ ঢাকা নগর কার্যালয়ের বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এক প্রেস ব্রিফিংয়ে র‍্যাংকিংয়ের কথা জানান। এতে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ৫টি, সেরা মহিলা কলেজ ১টি, সেরা সরকারি কলেজ ১টি, সেরা বেসরকারি কলেজ ১টি (মোট ৮টি) এবং ৭টি আঞ্চলিক পর্যায়ের প্রত্যেকটিতে সর্বোচ্চ ১০টি করে (৭০টি) মোট ৭৮টি নির্বাচিত সেরা কলেজকে আগামী ২০ মে বিকেল ৪টায় জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে স্মারক সম্মাননা, সনদ ও পুরস্কার প্রদান করা হবে জাবি উপাচার্য ঘোষণা দেন। ওই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং ইউজিসি'র চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

র‍্যাংকিংয়ে নির্বাচিত কলেজসমূহকে অভিনন্দন জানিয়ে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, 'এ ধরনের আয়োজন দেশে প্রথম। এর ফলে কলেজসমূহ তাদের স্ব স্ব অবস্থান জানতে পারবে এবং কীভাবে শিক্ষার সার্বিক অবস্থার আরও উন্নতি করা যায় সে জন্য প্রচেষ্টা গ্রহণ করবে। কলেজসমূহের মধ্যে ইতিবাচক প্রতিযোগিতার অবস্থা সৃষ্টি হবে, যা কলেজ পর্যায়ে শিক্ষার মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।'

জাবির

৭৮টি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## ৭৮টি : সেরা কলেজ

(১ম পৃষ্ঠার পর)

অধীনে অনার্স ও মাস্টার্স কোর্স পরিচালনাকারী কলেজ রয়েছে ২ হাজার ২০০টি। সেরা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সব কলেজকে অনলাইনে তথ্য পাঠাতে বললেও বেশিরভাগ প্রতিষ্ঠানই এতে সাড়া দেয়নি জানা গেছে। তিন দফা সময় দেয়ার পর মাত্র ৬৮৫টি কলেজ তথ্য দিয়েছে। এসব কলেজের অধ্যক্ষদের দেয়া তথ্যের ওপর ভিত্তি করেই র‍্যাংকিং করা হয়েছে। এসব তথ্য যাচাই-বাছাই করা হয়নি। র‍্যাংকিংয়ের জন্য মোট ৩১টি সূচকে ১০০ নম্বর বরাদ্দ ছিল। ৬৮৫টির মধ্যে ১৫১টি কলেজকে উত্তীর্ণ এবং জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে ৬৭টিকে সেরা ঘোষণা করা হয়। ৩১টি সূচকের প্রথম পাঁচটিই শিক্ষক ও অধ্যক্ষের যোগ্যতা বিষয়ক। সেরা প্রতিষ্ঠান নির্বাচনে পাসের হার, অনলাইন কার্যক্রম, ক্লাসরুম ও অন্যান্য সুবিধা-অবকাঠামো বিবেচনা করা হয়।

এদিকে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সারাদেশের সরকারি কলেজের অধ্যক্ষদের এক সম্মেলনে বেশির ভাগই অধ্যক্ষই অভিযোগ করেন, 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের তড়িঘড়ি বিভিন্ন সিদ্ধান্তের কারণে কোর্স অসমাপ্ত রেখেই অনার্স ও মাস্টার্সের পরীক্ষা নেয়া হচ্ছে। এতে উচ্চশিক্ষার মান রক্ষা করা যাচ্ছে না।'

র‍্যাংকিংয়ে নির্বাচিত কলেজ

জাবি কর্তৃপক্ষের দাবি অনুযায়ী জাতীয় পর্যায়ে পাঁচ সেরা প্রতিষ্ঠান হলো রাজশাহী কলেজ, ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, ঢাকা কমার্স কলেজ (বেসরকারি), বরিশালের সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ।

ঢাকা-ময়মনসিংহ অঞ্চলের ১০টি সেরা প্রতিষ্ঠান হলো ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, ঢাকা কমার্স কলেজ, আনন্দমোহন কলেজ, সরকারি সা'দত কলেজ (টাঙ্গাইল), লালমাটিয়া মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা সিটি কলেজ, কবি নজরুল সরকারি কলেজ।

চট্টগ্রাম অঞ্চলের ১০ সেরা প্রতিষ্ঠান হলো চট্টগ্রাম সরকারি কলেজ, সরকারি ভিক্টোরিয়া কলেজ, ফেনী সরকারি কলেজ, সরকারি সিটি কলেজ, সরকারি মহিলা কলেজ, সরকারি হাজী মুহাম্মদ মহসীন কলেজ, পটিয়া সরকারি কলেজ, লক্ষ্মীপুর সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ওমরগণি এমইএস কলেজ।

রাজশাহী অঞ্চলের ১০টি সেরা প্রতিষ্ঠান হলো রাজশাহী কলেজ, সরকারি আজিজুল হক কলেজ, সিরাজগঞ্জ সরকারি কলেজ, ভবানীগঞ্জ কলেজ, সৈয়দ আহমদ কলেজ, রাজশাহী সরকারি মহিলা কলেজ, নবাবগঞ্জ সরকারি কলেজ, নওগাঁ সরকারি কলেজ, সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজ।

খুলনা অঞ্চলের ১০টি সেরা প্রতিষ্ঠান হলো সরকারি এমএম কলেজ, কুমিরা মহিলা ডিগ্রি কলেজ, সরকারি মহিলা কলেজ, চুয়াডাঙ্গা সরকারি কলেজ, উপশহর মহিলা ডিগ্রি কলেজ, সাতক্ষীরা সিটি কলেজ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, সরকারি পিসি কলেজ, সরকারি শ্যামনগর মহসীন কলেজ, নওয়াপাড়া কলেজ।

বরিশাল অঞ্চলের ৯টি সেরা প্রতিষ্ঠান হলো সরকারি বিএম কলেজ, সরকারি মহিলা কলেজ, সরকারি বরিশাল কলেজ, ভোলা সরকারি কলেজ, বরগুনা সরকারি কলেজ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ, চরফ্যাশন সরকারি কলেজ, সরকারি ফজলুল হক কলেজ।

সিলেট অঞ্চলের ৮ সেরা প্রতিষ্ঠান হলো এমসি কলেজ, বৃন্দাবন সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ, মৌলভীবাজার সরকারি কলেজ, মদনমোহন কলেজ, সুনামগঞ্জ সরকারি কলেজ, দক্ষিণ সুরমা কলেজ, সরকারি শ্রীমঙ্গল কলেজ।

রংপুর অঞ্চলের ১০টি সেরা প্রতিষ্ঠান হলো কারমাইকেল কলেজ, দিনাজপুর সরকারি কলেজ, আলিমুদ্দিন কলেজ, সরকারি বেগম রোকেয়া কলেজ, কুড়িগ্রাম সরকারি কলেজ, উত্তরবাংলা কলেজ, নীলফামারী সরকারি কলেজ, দিনাজপুর সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট সরকারি কলেজ, রংপুর সরকারি কলেজ।